

Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 25 May, 2025

বিনাইদহের শৈলকুপায় এক পোলিট ব্যবসায়ী রিপন হোসেন এর বাড়িতে দুর্ধর্ষ ডাকাতির ঘটনা ঘটেছে। ডাকাতদল পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ টাকা ও স্বর্ণালংকার লুট করে নিয়ে গেছে। শনিবার গভীর রাতে শৈলকুপা উপজেলার মোহাম্মদপুর গ্রামে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ব্যবসায়ী রিপন হোসেন জানান, রাত ২ টার দিকে বাড়ির পেছনের দরজা ভেঙ্গে একদল ডাকাত ঘরের মধ্যে প্রবেশ করে। পরে পরিবারের সবাইকে ধারালো অস্ত্রের মুখে জিম্মি করে বাড়িতে থাকা ব্যবসায়ের নগদ ১১ লাখ টাকা ও ১৫ ভরি স্বর্ণের গহনা লুট করে নিয়ে যায়।

এ ব্যাপারে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, উপজেলার পোলিট ব্যবসায়ী রিপন হোসেন এর বাড়িতে দুর্ধর্ষ ডাকাতির ঘটনা ঘটেছে। ঘটনা জানতে পেয়ে রোববার সকালে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। ডাকাতদের ধরতে বিভিন্ন স্থানে পুলিশের অভিযান চলছে। আশা করি দ্রুত ডাকাতদের আটক করতে পারবো।

বিনাইদহ দুর্ধর্ষ ডাকাতি স্বর্ণালংকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:50

URL: <https://www.timestodaybd.com/across-the-country/306302919>